

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বন্দ্র অধিদপ্তর
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং-২৪.০২.০০০০.০০১.১৮.০৪.১৪-৬৫

তারিখঃ ২১ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ।
০৬ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ।

শহীদ কামরুজ্জামান টেক্সটাইল ইনস্টিটিউট স্থাপন, মান্দা, প্রকল্পের পরিদর্শন প্রতিবেদন।

গত ০১/১১/২০১৯ খ্রিঃ তারিখে “শহীদ কামরুজ্জামান টেক্সটাইল ইনস্টিটিউট স্থাপন, মান্দা, প্রকল্পটি পরিদর্শন করি। প্রকল্পটি নওগাঁ জেলায় মান্দা উপজেলার আত্রাই নদীর ফেরি ঘাট সংলগ্ন এলাকায় বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির মেয়াদ জুলাই/২০১৫ থেকে জুন/২০২০ পর্যন্ত (১ম সংশোধিত)। অক্টোবর/২০১৯ পর্যন্ত প্রকল্পটির মোট ব্যয় = ৬১৬১.৯৯ লক্ষ টাকা। বাংলাদেশ সেনাবাহিনী প্রকল্পটি বাস্তবায়ন করছে। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও বগুড়া সেনানিবাসের উপসহকারী প্রকৌশলী, একজন সুপারভাইজার ও একজন অফিস সহকারী উপস্থিত ছিলেন। এছাড়া সেনাবাহিনী নিযুক্ত ঠিকাদারি প্রতিষ্ঠানের লোকজন উপস্থিত ছিলেন। জিই (আর্মি) বগুড়া পরিদর্শনকালে উপস্থিত না থাকায় প্রকল্পের সার্বিক অগ্রগতি উপস্থিত উপসহকারী প্রকৌশলী যথাযথ ভাবে উপস্থাপন করতে পারেনি।

প্রকল্প কার্যক্রম পরিদর্শনে প্রাপ্ত বিবরণ

১। একাডেমিক ভবন, ছাত্র হোস্টেল, ছাত্রী হোস্টেল, স্টাফ ডরমিটরি, অফিসার্স ডরমিটরি, ওয়ার্কশপ কাম লাইব্রেরী, স্পিনিং শেড, ডাইং শেড, সাবস্টেশন এর নির্মাণ কাজ শেষ পর্যায়ে আছে। উক্ত ভবনসমূহের ফিনিসিং কাজ বাকি আছে। প্রিন্সিপাল কোয়ার্টার ও মসজিদের কাজ চলমান আছে। খেলার মাঠ ও শহীদ মিনার, রাস্তা ও ফুটপথ তৈরি, ইটিপি, ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট, স্কেলচার, টাইলস, মুরাল, টেরাকোটা, পেইন্টিং ইত্যাদি কাজ এখনও শুরু হয়নি।

২। প্রকল্পের আসবাবপত্র সরবরাহের জন্য মেসার্স উডকিং এর সাথে বাংলাদেশ সেনাবাহিনীর চুক্তি অনুযায়ী সরবরাহকৃত ছাত্র-ছাত্রীদের রিডিং টেবিলের আয়তন ২.৫০ ফুট x ১.৭৫ ফুট x ৪.৫০ ফুট যা স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী হয়নি। রিডিং টেবিলসহ সকল আসবাবপত্র স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী হতে হবে।

৩। প্রকল্পের Drainage water disposal এর জন্য ৪৭০ মিটার দীর্ঘ ও ১২০০ মিঃমিঃ বা ০৪ ফুট ব্যাস বিশিষ্ট RCC পাইপ নির্মাণ কাজের জন্য প্রকল্প সাইটে ১৮০ টি RCC পাইপ (প্রতিটি ১.৮৩ মিটার দীর্ঘ ও ১২০০ মিঃমিঃ ব্যাস) নির্মাণ করা হয়েছে। ইনস্টিটিউটটি পূর্ণ মাত্রায় চালু হলে স্থাপনাটিতে ছাত্র-ছাত্রী ও শিক্ষক কর্মচারীসহ মোট ৬০০ শতজনের জন্য Drainage water disposal পাইপের ব্যাস $২/২ \frac{১}{২}$ ফুট হলেই যথেষ্ট ছিল। তাছাড়া সড়ক বিভাগ হতে সম্মতি এবং ডিজাইন অনুমোদনের পূর্বে উক্ত কাজ শুরু করা সমীচীন হয়নি।

৪। কাজের অগ্রগতি কাঙ্ক্ষিত মাত্রায় হয়নি। প্রকল্পটির মেয়াদ আগামী জুন/২০২০ তারিখে শেষ হবে। এ সময়ের ০৩ মাস পূর্বেই প্রকল্পের যাবতীয় কাজ নির্ধারিত মান অনুযায়ী সম্পন্ন করতে হবে।

১৫